গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সেবা শাখা
www.shed.gov.bd

বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবা গ্রহীতাদের অবহিতকরণ সংক্রান্ত বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মো: আব্দুল্লাহ আল মামুন, উপসচিব (প্রশাসন অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ। |
| সভার তারিখ ও সময় | : ৩০/০৩/২০২১খ্রিস্টাব্দ, বিকাল ৩:০০ মিনিট। |
| সভার স্থান | : ভবন নং -৬, কক্ষ নং-১৭২৪, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |

সভায় উপস্থিতি: 'পরিশিষ্ট-ক'-তে সংযুক্ত।

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে তাদের সেবা সংক্রান্ত তথ্য তুলে ধরার আহ্বান জানান।

৩.০ সভায় এ বিভাগে স্টেশনারী মালামাল সরবরাহকারীগণ জানান যে, তাদের সেবা প্রদান করার জন্য সচিবালয়ে প্রবেশে অসুবিধা হচ্ছে এবং বর্তমানে তাদের অনুকূলে কোনো সচিবালয় পাশ ইস্যু করা হচ্ছে না। সভায় জানানো হয় কোভিড-১৯ এর কারণে বর্তমানে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ থেকে কোন পাশ ইস্যু করা হচ্ছে না। পাশ ইস্যু করা শুরু হলে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যায় মর্মে সভায় মত প্রকাশ করা হয়। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ এ বিভাগের সেবা শাখার কর্মকান্ডে সন্তোষ প্রকাশ করেন।

৪.০ সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের বিভিন্ন মালামাল সরবরাহকারী প্রতিষ্ঠানের সেবা প্রদানের সুবিধার্থে সচিবালয়ে প্রবেশের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ থেকে পাশ ইস্যু করা শুরু হলেই এ বিষয়ে প্রচেষ্টা নেয়া হবে।

৫.০ আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/৩/২০২১
মো: আব্দুল্লাহ আল মামুন
উপসচিব (প্রশাসন অধিশাখা)

চলমান পাতা-২

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬২.৯৯.০০১.১৭.২৩০ তারিখ: ১৬ চৈত্র ১৪২৮ / ৩০ মার্চ ২০২১

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

১। উপসচিব (প্রশাসন অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট (এ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৪। সিনিয়র সহকারী সচিব (বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৫। সিনিয়র সহকারী সচিব (সেবা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৬। জনাব...................................................................................

৭। অফিস কপি।

৩০/০৩/২০২১

(মো: শামসুল আলম)
সিনিয়র সহকারী সচিব